দৈনিক ইত্তেফাক

তারিখ 16 DEC 1995
পৃষ্ঠা ৬ কলাম ৭

36

# শিক্ষকের পদ শূন্য

কয়েকটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের অভাবে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত এবং মাদারীপুর জেলা শিক্ষা (মাধ্যমিক) অফিসারের পদ শূন্য থাকায় শিক্ষকদের দুর্ভোগ হইতেছে।

(৪র্থ পৃঃ দ্রঃ)

## শিক্ষকের পদ

(৩য় পৃঃ পর)

খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

**রূপগঞ্জ** : এই থানার ৮২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যানুপাতে এমনিতেই ৪০/৫০ জন শিক্ষকের প্রয়োজন। তদুপরি উক্ত বিদ্যালয়ের কয়েকটিতে দীর্ঘদিন যাবৎ ৯জন শিক্ষক-শিক্ষিকার পদ খালি থাকায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হইতেছে। থানা শিক্ষা কর্মকর্তা জানান, পদ সৃষ্টি করিয়া নূতন শিক্ষক নিয়োগ ও পদখালি স্থানে শিক্ষক বদলির মাধ্যমে ব্যবস্থা করার জন্য উর্ধ্বতন কর্মকর্তাকে অবহিত করা হইয়াছে।

**গাইবান্ধা** : সাঘাটা থানার মজিদের ভিটা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মাত্র ২ জন শিক্ষক নিয়োজিত রহিয়াছেন। অথচ এই বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা সাড়ে ৩ শত। ফলে প্রথম শ্রেণী হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত তাহাদের প্রতিদিন ক্লাস নেওয়া সম্ভব হয় না।

**মাদারীপুর** : জেলা শিক্ষা বিভাগের দুইটি গুরুত্বপূর্ণ পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষকদের দুর্ভোগ পোহাইতে হইতেছে। জানা যায়, জেলা শিক্ষা (মাধ্যমিক) অফিসারের পদটি প্রায় ১৪ মাস যাবৎ শূন্য। ভারপ্রাপ্তদের দিয়া বর্তমানে কাজ চালানো হইতেছে। এদিকে সহকারী জেলা (মাধ্যমিক) শিক্ষা অফিসারের পদটিও গত প্রায় ৩ মাস যাবৎ শূন্য।